

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩৪.২৫. ২৪২-৬/৩

অফিস আদেশ

০২ ফাল্গুন ১৪৩২
তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৬

যেহেতু জনাব মোঃ কামরুল হাসান, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, ময়মনসিংহ এর বিরুদ্ধে আশার আলো কো-অপারেটিভ ফ্রেডিট ইউনিয়ন লিঃ এর নির্বাচন সমবায় আইন ও বিধি মোতাবেক অনুষ্ঠিত না হওয়ার ক্ষেত্রে নির্বাচন কমিটির সভাপতিকে আইন ও বিধি পরিপন্থিভাবে সহায়তা করা এবং বর্ণিত সমিতির নির্বাচনে নির্বাচন কমিটির সভাপতির সাথে যোগসাজসে জনাব মোহাম্মদ শফিউল বাশার সোহাগ এর অজান্তে ও সম্মতি ব্যতিরিক্ত তার নামে সদস্য পদে মনোনয়ন ফরম বিক্রয় করার কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩৪.২৫.৮৬৮-এ/ও, তারিখ: ২৬.০৫.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ঘ) মোতাবেক দুর্নীতির অভিযোগে ২০ (২৪-২৫) নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩৪.২৫.১৩৮৮(৬)-এ/ও, তারিখ: ০৭.১০.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু তদন্ত প্রতিবেদন মোতাবেক তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি;

০৪। যেহেতু তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মচারীর জবাব ও বিভাগীয় মামলার প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ঘ) অনুযায়ী “দুর্নীতি” এর অভিযোগ প্রমাণিত হয়নি;

০৫। যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) বিধি অনুসরণে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব মোঃ কামরুল হাসান, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, ময়মনসিংহ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(ঘ) অনুযায়ী “দুর্নীতি” এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৫/২/২০২৬
(মোঃ ইসমাইল হোসেন)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩৪.২৫. ২৪২/১(০)-৬/৩

০২ ফাল্গুন ১৪৩২
তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

- ১। যুগ্ম নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ২। জেলা সমবায় অফিসার, ময়মনসিংহ।
- ৩। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৪। জনাব মোঃ কামরুল হাসান, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
- ৫। সংশ্লিষ্ট নথি।

১৫/২/২০২৬
(মোঃ ইসমাইল হোসেন)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫